

প্রোফাইল



জনাব রফিক আহম্মদ সিদ্দিক গত ২০ মার্চ ২০১৮ থেকে নৌপরিবহন মন্ত্রণালয়ে যুগ্ম প্রধান হিসেবে যোগদান করেন। তিনি বিসিএস (ইকনমিক) ক্যাডারের ত্রয়োদশ ব্যাচের সদস্য। জনাব সিদ্দিক কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার গুনবতী গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় যথা : শিক্ষা মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শিল্প মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন এবং আইএমইডি'তে কর্মরত ছিলেন। এছাড়াও তিনি জাতিসংঘ উন্নয়ন সংস্থা (ইউএনডিপি)-তে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন।

জনাব সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যানে সন্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ২০০১ সালে লন্ডন মেট্রোপলিটন বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি প্রকল্প ব্যবস্থাপনা, এপ্রাইজাল, নেগোশিয়েন, এইড কোর্ডিনেশন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ। জনাব সিদ্দিক বিবাহিত এবং দু' সন্তানের জনক। তার মেয়ে লাবিবা সামিহা সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাউন্ট্যান্সি'তে পড়ালেখা করছেন এবং ছেলে মাবরুর আহমেদ সিদ্দিক আইডিয়েল স্কুলের ছাত্র। জনাব রফিক আহম্মদ সিদ্দিক এর সহধর্মিনী ওয়াহিদা নাসরিন বাংলাদেশ ব্যাংকে উপ-মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন।